# South Asia Initiatives

*Advocating Rights, Driving Democracy*

রেফারেন্স: বিবৃতি/দক্ষিণ এশিয়া/রাজনীতি/০৫ ৮ মে ২০২৫

**ভারতের পাকিস্তানে হামলা নিয়ে বিবৃতি: শান্তি ও আঞ্চলিক নিরাপত্তার আহ্বান**

সাউথ এশিয়া ইনিশিয়েটিভ (SAI) সম্প্রতি ভারতের পাকিস্তানি ভূখণ্ডে হামলার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করছে। এ ধরনের সামরিক পদক্ষেপ কেবল দ্বিপাক্ষিক উত্তেজনাই বাড়ায় না, বরং সমগ্র দক্ষিণ এশিয়ার স্থিতিশীলতা, অর্থনৈতিক সহযোগিতা ও শান্তি প্রতিষ্ঠার প্রচেষ্টাকে বিপন্ন করে।

সাউথ এশিয়া ইনিশিয়েটিভ বিশ্বাস করে, আঞ্চলিক নিরাপত্তা ও রাজনৈতিক স্থিতিশীলতা দক্ষিণ এশিয়ার টেকসই উন্নয়নের জন্য অত্যাবশ্যক ভিত্তি। দুটি প্রধান শক্তির মধ্যে চলমান সংঘাত এ অঞ্চলের মানুষের আশা-ভরসা ও সুযোগকে বিপন্ন করে।

সেই কারণে সাউথ এশিয়া ইনিশিয়েটিভ উভয় দেশকে সংযম প্রদর্শনের, গঠনমূলক সংলাপে অংশগ্রহণের এবং প্রয়োজনে আন্তর্জাতিক মধ্যস্থতার মাধ্যমে কূটনৈতিক উপায়ে শান্তিপূর্ণ সমাধান খোঁজার আহ্বান জানায়।

সাউথ এশিয়া ইনিশিয়েটিভ একই দিনে পাকিস্তানে সামরিক হামলার সাথে সাথে ভারতের কর্তৃপক্ষ কর্তৃক বাংলাদেশে জোরপূর্বক 'পুশ-ইন' ঘটনাকেও কঠোরভাবে নিন্দা জানাই। এই দুটি পদক্ষেপ দক্ষিণ এশিয়ায় অস্থিরতা আরও উসকে দিতে পারে এবং মানবাধিকার ও আন্তর্জাতিক মানদণ্ড নিয়ে গুরুতর উদ্বেগ সৃষ্টি করে।

এই মুহূর্তে, দক্ষিণ এশিয়াকে একটি শান্তিপূর্ণ, সমৃদ্ধ ও যৌথ উন্নয়নের অঞ্চলে রূপান্তরিত করতে আমাদের সম্মিলিত প্রচেষ্টা আগের যেকোনো সময়ের চেয়ে বেশি প্রয়োজন।

**ড. মো. ফরিদ হোসাইন তালুকদার, যুক্তরাষ্ট্র**
চেয়ারম্যান

সাউথ এশিয়া ইনিশিয়েটিভ (SAI)

**মোহাম্মদ ফখরুল ইসলাম, হাঙ্গেরি**
সেক্রেটারি জেনারেল

সাউথ এশিয়া ইনিশিয়েটিভ (SAI)